দৈনিক সংবাদ

তারিখ MAR. '৪ 1999
পৃষ্ঠা ৮২ কলাম ৬

# বেগম জেবুন্নেসা ও কাজী মাহবুব উল্লাহ ট্রাস্টের আন্তর্জাতিক পুরস্কার ঘোষণা

বেগম জেবুন্নেসা ও কাজী মাহবুবউল্লাহ্ জনকল্যাণ ট্রাস্ট আন্তর্জাতিক পুরস্কার প্রবর্তন করেছে। এ পুরস্কারের মূল্যমান নগদ এক লাখ টাকা এবং একটি স্বর্ণপদক। স্বর্ণপদকের নাম হবে 'বেগম জেবুন্নেসা স্বর্ণপদক'।

বাংলা ভাষা, বাঙালি জাতিসত্তার স্বাতন্ত্র্য রক্ষা এবং বাংলাদেশের মুক্তি সংগ্রামের পক্ষে, যার অনবদ্য ভূমিকা বাঙালির স্বাধীনতা অর্জনকে বেগবান করেছিল উপ-মহাদেশের সেই বর্ষীয়ান ব্যক্তিত্ব অন্নদা-শংকর রায়কে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

একই সঙ্গে ট্রাস্টের পক্ষ থেকে ১৯৯৮ সালের 'কাজী মাহবুবউল্লাহ্ পুরস্কার' ঘোষণা করা হয়েছে। পুরস্কার দেয়া হয়েছে সাহিত্যে অবদানের জন্যে ঔপন্যাসিক ও ছোটগল্পকার সেলিনা হোসেন, নাট্যক্ষেত্রে অবদানের জন্যে আসাদুজ্জামান নূর এবং সমাজে আলোকিত মানুষ গড়ে তোলার ব্যাপারে গৌরবোজ্জ্বল ভূমিকার জন্যে বিশ্বসাহিত্য কেন্দ্রকে। পুরস্কারের মূল্যমান প্রতি ক্ষেত্রে পঞ্চাশ হাজার টাকা এবং একটি স্বর্ণপদক। খবর সংবাদ বিজ্ঞপ্তির।